# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় : হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : | ১ | ৪ | ৬ |

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান : ৬০

১ নং ও ২ নং প্রশ্নসহ যে কোন ৬ টি প্রশ্নের উত্তর দাও:

ক-বিভাগ

১। স্যাম্পি ট্রেডার্স এর ২০১৪ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নে দেওয়া হলো:

| ক্র.নং | হিসাবের নাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মজুদ পণ্য (১/৭/১৩) | | ৪০,০০০ | |
| ২. | পণ্য ক্রয় ও বিক্রয় | | ১,৪৯,০০০ | ২,১৫,০০০ |
| ৩. | ট্রেড-ডিসকাউন্ট | | ৪,০০০ | ৬,০০০ |
| ৪. | মজুরি ও বেতন | | ১৫,০০০ | |
| ৫. | ভাড়া (৮ মাসের) | | ২৪,০০০ | |
| ৬. | কমিশন | | ৮,০০০ | ৬,০০০ |
| ৭. | বিমা সেলামি (৩০/০৯/২০১৪) পর্যন্ত ১ বছরের জন্য | | ২,০০০ | |
| ৮. | পাওনাদার | | | ৪০,০০০ |
| ৯. | শিক্ষানবিশ ভাতা ও সেলামি | | ২,০০০ | ৪,০০০ |
| ১০. | পুস্তক ঋণ | | ২৫,০০০ | |
| ১১. | বিজ্ঞাপন | | ১০,০০০ | |
| ১২. | জলযান ভাড়া | | ২,০০০ | |
| ১৩. | হাতে নগদ | | ৫,০০০ | |
| ১৪. | বিনিয়োগ | | ৫০,০০০ | |
| ১৫. | উত্তোলন ও মূলধন | | ১৪,০০০ | ৭৯,০০০ |
| | | | ৩,৫০,০০০ | ৩,৫০,০০০ |

**সমন্বয়মূল্য:** (১) অবিক্রীত পণ্যের মজুদ ৫২,০০০ টাকা; (২) অলিখিত ক্রয় ও বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৯,০০০ টাকা ও ১৫,০০০ টাকা; (৩) ভোক্তাদের মাঝে পণ্য বিতরণ ৫,৫০০ টাকা এবং ক্রয় ফেরত ১,২০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৪) মালিক কর্তৃক পণ্য উত্তোলন প্রতি মাসে ৫০০ টাকা হিসাবভুক্ত করতে হবে; (৫) মজুরি ২,০০০ টাকা অগ্রিম এবং বেতন ২,৫০০ টাকা বকেয়া রয়েছে।

ক) স্যাম্পি ট্রেডার্স এর প্রকৃত পাওনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ) স্যাম্পি ট্রেডার্স এর মোট মুনাফা নির্ণয় কর। ৪

গ) স্যাম্পি ট্রেডার্স এর নিট মুনাফা নির্ণয় কর। ৪

২। ওমেগা ট্রেডার্স এর ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ:

| ক্র.নং | হিসাবের নাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৬,০০০ | ১৩,০০০ |
| ২. | উত্তোলন ও মূলধন | | ১৫,৬০০ | ৫০,০০০ |
| ৩. | দেনাদার ও পাওনাদার | | ৫২,০০০ | ৪৫,০০০ |
| ৪. | ক্রয় ও বিক্রয় | | ৭০,০০০ | ১,০০,০০০ |
| ৫. | ইজারা সম্পত্তি (১২ বছরের জন্য) | | ৬০,০০০ | |
| ৬. | হাতে নগদ ও ব্যাংক ও/ডি | | ২৫,০০০ | ২০,০০০ |
| ৭. | বিমা প্রিমিয়াম | | ২,৪০০ | |

Teachingbd.com

http://teachingbd.com

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | অনাদায়ী পাওনা | | ২,০০০ | |
| ৯. | শিক্ষানবিশ ভাতা | | ৩,০০০ | |
| ১০. | ৮% বন্ধকী ঋণ (১-৭-২০১৩) | | | ২০,০০০ |
| ১১. | বকেয়া বেতন | | | ১২,০০০ |
| ১২. | কারবারি বাট্টা | | | ২,০০০ |
| ১৩. | বাড়ি ভাড়া | | | ৪,০০০ |
| ১৪. | আসবাবপত্র | | ৩০,০০০ | |
| | | | ২,৬৬,০০০ | ২,৬৬,০০০ |

**সমন্বয়সমূহ:** (১) সমাপনী মজুদের মূল্যায়ন করা হয়েছে ২০,০০০ টাকা। যার বাজার মূল্য ১৫% বেশি; (২) বাকিতে পন্য ক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) ক্যাশ বাক্স হতে ১০০ টাকা ১ টি নোট হারিয়ে গেছে; (৪) দেনাদারের ৫% সন্দেহজনক সঞ্চিতির ব্যবস্থা রাখতে হবে; (৫) বিমা সেলামি ৩১/০৩/২০১৪ ইং পর্যন্ত পরিশোধ করা হয়েছে।

ক) উপর্যুক্ত তথ্য হতে ওমেগা ট্রেডার্স এর নিকট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) নিট মুনাফা ৩০,৭০০ টাকা ধরে ওমেগা ট্রেডার্স এর আর্থিক বিবরণী প্রনয়ন কর। ৪

গ) ওমেগা ট্রেডার্স এর বিনিয়োজিত মূলধনের পরিমাণ ২,০৫,১০০ টাকা ধরে ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে চলতি অনুপাত, তারল্য অনুপাত, নিট মুনাফা অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয়-অনুপাত নির্ণয় কর। ৪

## খ-বিভাগ

৩। জনাব শফিক রহমানের ১ জানুয়ারি ২০১৩ তারিখে সম্পদ ও দায়-দেনার পরিমাণ ছিল নিম্নরূপ:

দালানকোঠা ৩৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ২৫,০০০ টাকা, তৈজসপত্র ২৫,০০০ টাকা, গৃহ নির্মাণ ঋণ ২১,০০,০০০ টাকা, প্রাপ্তি ও প্রদান হিসাব ৩১ শে ডিসেম্বর ২০১৩ তারিখে সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যালেন্স বি/ডি | ৬০,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ৭৫,০০০ |
| বেতন | ৩,৮০,০০০ | মুদির দোকানের বিল | ২৪,৫০০ |
| কৃষি জমি থেকে আয় | ৫০,০০০ | পৌর কর | ৪,৫০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ৩,০০০ | কম্পিউটার ক্রয় | ৬৫,০০০ |
| | | গৃহ নির্মাণ ঋণ পরিশোধ | ৫০,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ৪৫,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৮৫,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ | ৭,৫০০ |
| | | আপ্যায়ন | ৮,৫০০ |
| | | মনিহারি ও খবরের কাগজের বিল | ১১,০০০ |
| | | যাতায়াতে ও অন্যান্য | ২০,০০০ |
| | | ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা | ৯০,০০০ |
| | | ব্যালেন্স সি/ডি | ৭,০০০ |
| | ৪,৯৩,০০০ | | ৪,৯৩,০০০ |

**সমন্বয়সমূহ:** (১) খাদ্য সমাগ্রী অব্যবহৃত আছে ৪,০০০ টাকা; পক্ষান্তরে মুদির দোকানে ১,৫০০ টাকা অপরিশোধিত রয়েছে; (২) গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল ২,৫০০ টাকা বকেয়া রয়েছে।

ক) মি. শফিক রহমানের পারিবারিক তহবিল নির্ণয় কর। ২

খ) মি. শফিক রহমানের ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ) মি. শফিক রহমানের ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪। মি. শাহেদ একজন পোশাক প্রস্তুতকারক। ১,২০০ পিস শার্ট তৈরির জন্য তার খরচগুলো নিম্নরূপ:

কাপড় ক্রয় ৮০,০০০ টাকা; ক্রয় পরিবহন ২,০০০ টাকা, কাপড় কাটা ও সেলাই মজুরি ২৫,০০০ টাকা; শার্ট তৈরির জন্য অন্যান্য সামগ্রী ক্রয় ২৪,০০০ টাকা; কারখানা ভাড়া ২৫,০০০ টাকা; কারখানা ম্যানেজারের বেতন ৫,০০০ টাকা; শার্ট বিক্রির জন্য দোকানে আনার গাড়ি ভাড়া ১,০০০ টাকা; দোকান ভাড়া ও বিদ্যুৎ খরচ ১,২০০ টাকা; বিজ্ঞাপন খরচ ১,০০০ টাকা; বিক্রয় কর্মীর বেতন ২,৫০০ টাকা।

ক) ৮০০ পিস শার্টের মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ) মি. শাহেদের ১,২০০ পিস শার্ট তৈরির মোট ব্যয় উৎপাদন ব্যয় বিবরণীর মাধ্যমে দেখাও। ৪

গ) মি. শাহেদ বিক্রয় মূল্যের উপর ২৫% লাভ করতে চাইলে প্রতিটি শার্টের বিক্রয়মূল্য কত হবে? ৪

৫। জনাব ফাল্গুনি এন্ড সন্স একটি পাইকারি ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন। তাদের ২০১৩ সালের কিছু লেনদেন নিম্নরূপ:

| | |
|---|---|
| মালিক কর্তৃক সরবরাহকৃত মূলধন | ১,৬০,০০০ টাকা |
| কম্পিউটার ক্রয় | ২৫,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ২,০০০ টাকা |
| বিদ্যুৎ সংযোগ ব্যয় | ২০,০০০ টাকা |
| বিজ্ঞাপন বাবদ NTV কে প্রদান | ২২,০০০ টাকা |
| কর্মচারীর বেতন প্রদান | ৫,০০০ টাকা |
| প্রচারের জন্য সাইনবোর্ড লাগানো খরচ | ৫,৫০০ টাকা |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৫০,০০০ টাকা |
| পুরাতন মোটর সাইকেল বিক্রয় | ৩০,০০০ টাকা |
| পণ্য ডেলিভারীর জন্য পিকআপ ভ্যান ক্রয় | ১,৪৫,০০০ টাকা |
| ক্রয়কৃত পিকআপ ভ্যানের মেরামত খরচ | ৮,০০০ টাকা |
| পুরাতন খবরের কাজ বিক্রয় | ২,০০০ টাকা |
| প্রচারের জন্য বিনামুল্যের পণ্য বিতরণ | ১,০০০ টাকা |
| ক্রয়কৃত পিকআপ ভ্যানের পরিবহন খরচ | ৩,০০০ টাকা |

ক) ২০১৩ সালে ফাল্গুনী এন্ড সন্সের বিজ্ঞাপন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপর্যুক্ত তথ্যাবলি হতে মূলধন প্রাপ্ত ও মূলধন জাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় কর। ৪

গ) ক্রয়কৃত ডেলিভারী ভ্যানটি ২,০০,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধন জাতীয় আয় বা ক্ষতির পরিমাণ কত হবে বের কর। ৪

৬। শতরুপা এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

(১) আসবাবপত্র ২০,০০০ টাকা; (২) দালানকোঠা ৭৫,০০০ টাকা; (৩) অগ্রিম মজুরি ২,০০০ টাকা; (৪) বকেয়া বেতন ৫,০০০ টাকা; (৫) মুলধন ১,৫৫,০০০ টাকা; (৬) উত্তোলন ৫৫,০০০ টাকা; (৭) হাতে নগদ (১-১-২০১৩) ইং ৫৫,০০০ টাকা; (৮) মজুদ পণ্য (৩১-১২-১৩ ইং) ৮৫,০০০ টাকা; (৯) ব্যাংক জমাতিরিক্ত (১-১-১৩ ইং) ২৫,০০০ টাকা; (১০) ব্যাংকে জমা (৩১-১২-২০১৩) ৩৫,০০০ টাকা; (১১) দেনা ৪৫,০০০ টাকা; (১২) পাওনা ৩০,০০০ টাকা; (১৩) বেতন ২৫,০০০ টাকা; (১৪) খাজনা ও কর ৯,৫০০ টাকা; (১৫) অনাদায়ী পাওনা ২,৫০০ টাকা; (১৬) ক্রয় ৯৫,০০০ টাকা; (১৭) বিক্রয় ১,৮৫,০০০ টাকা; (১৮) মজুদ পন্য (১-১-২০১৩) ৫০,০০০ টাকা; (১৯) মজুরি ১০,০০০ টাকা; (২০) সরকারি সঞ্চয়পত্র ৬,০০০ টাকা; (২১) বন্ধকী ঋণ ৩৬,০০০ টাকা; (২২) অনাদায়ী পাওনা সঞ্চিতি ২,৫০০ টাকা; (২৩) হাতে নগদ ৩০,০০০ টাকা।

ক) যেসব খতিয়ানের উদ্বৃত্তসমূহ রেওয়ামিলের অন্তর্ভুক্ত হবে না তাদের সমষ্টি নির্ণয় কর। ২

গ) উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তগুলো নিয়ে 'শতরুপা এন্টারপ্রাইজ'-এর হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই কর। ৪

ঘ) শতরূপা এন্টারপ্রাইজের চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নিরূপণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৭। রশিদ ব্রাদার্সের ২০০৪ সালের জুলাই মাসের ব্যবসায়ের লেনদেন সক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| | |
|---|---|
| জুলাই-১ | হাতে নগদ ৬৫,০০০ টাকা এবং ব্যাংক জমার ডেবিট উদ্বৃত্ত ২৫,০০০ টাকা। |
| জুলাই-৬ | রহিমের নিকট ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৭০% নগদে পাওয়া গেল। |
| জুলাই-১০ | মনিহারি ক্রয় ৫,০০০ টাকা। |
| জুলাই-১৮ | বশিরের ২৫,০০০ টাকা দেনার পুর্ননিস্পত্তি সাপেক্ষে ৯৮% পরিশোধ করা হলো। |
| জুলাই-২০ | সাব্বিরের নিকট হতে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা। |
| জুলাই-২২ | অনাদায়ী পাওনা লেখা হলো ৫০০ টাকা। |
| জুলাই-৩০ | কমিশন প্রাপ্তি ৪,০০০ টাকা। |
| জুলাই-৩১ | কমিশন প্রদান ২৫০ টাকা। |

ক) যে সকল লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না তাদের সাধারণ জাবেদা দাখিলা দেখাও। ২

খ)রশিদ ব্রাদার্সের নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

গ) মাস শেষে উপযুক্ত নগদান বই তৈরি করে রশীদ ব্রাদার্সের শুধুমাত্র হাতে নগদের পরিমাণ দেখাও। ৪

৮। জনাব আমজাদ চট্টগ্রামের চকবাজারের একজন খুচরা ব্যবসায়ী। তাঁর প্রতিষ্ঠানে ২০১৪ সালের জুন মাসের জুন মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:

| | |
|---|---|
| জুন-১ | শাহীন স্টোরস, চাকতাই হতে প্রতি কেজি ১৫০ টাকা দরে ২ কুইন্টাল ডাল ক্রয়। কারবারি বাট্টা ১০%। চালান নং-২৫০। শর্ত-৩/১৫, নিট-২৫ |
| জুন-১০ | শাপলা ট্রেডার্স খাতুনগঞ্জ হতে প্যাকে ৩৫০ টাকা দরে ১০ প্যাকেট গুঁড়ো দুধ ক্রয়। কারবারি বাট্টা ২.৫%। চালান নং-২৫১। শর্ত-৩/১৫, নিট-২০ |
| জুন-২৫ | রবিন ট্রেডার্সের নিকট হতে প্রতি কেজি ৫০০ টাকা দরে ২৫০ কেজি উন্নতমানের চা পাতা ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-২৫৫। শর্ত-৩/১৫, নিট-২৮। |

ক) কারবারি বাট্টা পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ) জুন ২৫, তারিখের ভিত্তিতে একটি উপযুক্ত দলিল প্রস্তুত কর। ৪

৯। সাজিদ ব্রাদার্স একজন খুচরা ব্যবসায়ী। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার সম্পদ ও দায়-দেনার পরিমাণ ছিল নিম্নরূপ:

হাতে নগদ ৬৫,০০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা; পাওনা ৬০,০০০ টাকা; অগ্রিম বেতন ২,৫০০ টাকা; ব্যাংক জমা ২৫,০০০ টাকা; মজুদ পন্য ৪০,০০০ টাকা; প্রাপ্য বিল ২০,০০০ টাকা; দেনা ২১,০০০ টাকা, প্রদেয় বিল ৪৫,০০০ টাকা; বৎসরের মাঝামাঝি সময়ে অতিরিক্ত মূলধন হিসেবে ৫০,০০০ টাকা সরবরাহ করেন। নিজের প্রয়োজনে প্রতি মাসে ১,৫০০ টাকার পণ্য এবং নগদে ১,০০০ টাকা করে উত্তোলন করেন।

বৎসরের শুরুতে তিনি নগদ উদ্বৃত্ত ২৫,০০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা; পুস্তক ঋণ ৪০,০০০ টাকা; ক্রয় খতিয়ানের জের ২৫,০০০ টাকা; বকেয়া মজুরি ৪,০০০ টাকা; ২৪,০০০ টাকার ব্যাংক জমাতিরিক্ত নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

ক) ০১/০৪/২০১৩ ইং তারিখে সাজিদ ব্রাদার্সের মূলধন নির্ণয় কর। ২

খ) সাজিদে ব্রাদার্সের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) সাজিদ ব্রাদার্সের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

http://teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় : হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি) বিষয় কোড: ১৪৬

সময় : ৪০ মিনিট পূর্ণমান-৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহু নির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১। খতিয়ান হিসাবের দু'দিকের যোগফলের পার্থক্য নির্ণয় করাকে কী বলে?

ⓚ যোগকরণ ⓚ জের টানা বা ব্যালেন্সিং
ⓖ সমানকরণ ⓖ পার্থক্যকরণ

২। হিসাব বলতে কী বোঝায়?

ⓚ কারবারের মোট আয়-ব্যয়সমূহ
ⓚ কারবারের মোট সম্পদসমূহ
ⓖ কারবারের সকল লেনদেনসমূহ
ⓖ লেনদেনের শ্রেণিবদ্ধ ও সংক্ষিপ্ত বিবরণী

৩। নগদান বই জানতে সহায়তা করে–

i) পাওনা আদায়ের পরিমাণ
ii) দেনা পরিশোধের পরিমাণ
iii) নিয়মিত খরচের পরিমাণ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪। পাট ব্যবসায়ী জনাব পাটোয়ারী ৫,০০০ টাকা দরে ১০ কুইন্টাল পাট ক্রয় করে ১০% লাভে বিক্রয় করেন। প্রতি কুইন্টাল পাটের বিক্রয় মূল্য কত?

ⓚ ৪,৫০০ টাকা ⓚ ৫,৫০০ টাকা
ⓖ ৫০,০০০ টাকা ⓖ ৫৫,০০০ টাকা

জনাব ফাহিম ৫০,০০০ টাকার পণ্য জনাব তামীমের নিকট বিক্রয় করেন এবং নগদে ৩০,০০০ টাকা গ্রহণ করেন।

৫। জনাব ফাহিমের লেনদেনটির উৎস দলিল কোনটি?

ⓚ ভাউচার ⓚ ডেবিট নোট
ⓖ ক্রেডিট নোট ⓖ চালান

৬। জনাব ফাহিমের হিসাব রক্ষক সংরক্ষণ করবে–

i) ক্রেডিট ভাউচার
ii) ক্যাশমেমো
iii) চালান

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭। লেনদেনটির ফলে জনাব ফাহিমের ব্যবসায়ের পরিবর্তন হয়–

i) নগদ অর্থের
ii) দেনাদারের
iii) পাওনাদারের

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৮। সম্পদের পরিমাণে কী ঘটলে ডেবিট হয়?

ⓚ হ্রাস ⓚ ঘাটতি
ⓖ বৃদ্ধি ⓖ পরিবর্তন

৯। হিসাববিজ্ঞানের স্বীকৃত রীতি-নীতি লংঘনের মাধ্যমে কোন ধরনের ভুল হয়?

ⓚ পরিপূরক ভুল ⓚ নীতিগত ভুল
ⓖ লেখার ভুল ⓖ বেদাখিলার ভুল

১০। বিশেষ জাবেদা হতে সপ্তাহান্তে/ মাসান্তে কোন খতিয়ানে পোস্টিং দেওয়া হয়?

ⓚ সহকারি ⓚ সাধারণ
ⓖ বিশেষ ⓖ মূল

১১। বাকিতে পণ্য ক্রয়-বিক্রয়ের প্রামাণ্য দলিল কোনটি?

ⓚ ভাউচার ⓚ ফরমায়েশপত্র
ⓖ ক্যাশমেমো ⓖ চালান

১২। পরিবার কোন ধরনের প্রতিষ্ঠান?

ⓚ মুনাফাভোগী ⓚ বেতনভোগী
ⓖ আয়ভোগী ⓖ অমুনাফাভোগী

১৩। মানুষের মধ্যে দ্রব্যের বিনিময় প্রথা চালু হওয়ার কারণ কোনটি?

ⓚ চাহিদা বৃদ্ধি ⓚ জনসংখ্যা বৃদ্ধি
ⓖ উৎপাদন বৃদ্ধি ⓖ মুদ্রা আবিষ্কার

১৪। রেজার নিকট ৫০০ টাকার পণ্য ফেরত দেয়া হলো। এ লেনদেনটি হিসাবভুক্ত করা হবে কোনটি দেখে?

ⓚ ক্যাশ মেমো ⓚ ডেবিট নোট
ⓖ ক্রেডিট নোট ⓖ চালান

১৫। মালিকের জীবন বীমা প্রিমিয়াম প্রদান ২,০০০ টাকা। লেনদেনটির দ্বারা হিসাব সমীকরণের কি প্রভাবিত হয়েছে?

ⓚ ব্যয় বৃদ্ধি, সম্পদ হ্রাস ⓚ মূলধন বৃদ্ধি, সম্পদ হ্রাস
ⓖ মুলধন হ্রাস, সম্পদ হ্রাস ⓖ ব্যয় বৃদ্ধি আয় হ্রাস

১৬। ভাড়া প্রাপ্তি ২,০০০ টাকা। এ লেনদেনটির সাথে ব্যবহৃত প্রামাণ্য দলিল হলো–

i) ক্রেডিট ভাউচার ii) প্রাপ্তি রশিদ iii) ক্রেডিট নোট

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭। ফার্ণিচার ব্যবসায়ী জনাব তামিম ১০০টি টেবিল তৈরির জন্য মোট ১,০০,০০০ টাকা ব্যয় করেন। তিনি মুখ্য ব্যয়ের অন্তর্ভুক্ত করবেন–

i) কাঠের ক্রয় মূল্য ৮৫,০০০ টাকা
ii) তারকাটা ও সিরিষ কাগজের ব্যয় ৫,০০০ টাকা
iii) আন্তপরিবহন ১০,০০০ টাকা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

http://teachingbd.com

১৮। নিচের কোনটি মুনাফা জাতীয় আয় নয়?
ⓚ প্রাপ্ত বাট্টা ⓛ প্রাপ্ত ভাড়া
ⓜ পণ্য বিক্রয় ⓝ সম্পত্তি বিক্রয়

১৯। কোনটির ছকে দেনালিপি নম্বর এর ঘর থাকে?
ⓚ ক্রয় জাবেদার ⓛ ক্রয় ফেরত জাবেদার
ⓜ আন্তঃফেরত জাবেদার ⓝ প্রাপ্য বিল জাবেদার

২০। কোনো খতিয়ান হিসাবের উভয় দিক আপনা আপনি সমান হয়ে গেলে হিসাবটিকে কী বলা হয়?
ⓚ আদর্শ ⓛ সমতাপ্রাপ্ত
ⓜ সুষম ⓝ জেরবিহীন

২১। রেওয়ামিল তৈরির মূল উদ্দেশ্য কী?
ⓚ আর্থিক অবস্থা নির্ধারণ ⓛ গাণিতিক শুদ্ধতা যাচাই
ⓜ ভুলত্রুটি উদঘাটন ⓝ হিসাবের একত্রিকরণ

২২। হিসাবের প্রাথমিক বই হওয়া সত্ত্বেও নগদান বই কীসের ন্যায় কাজ করে?
ⓚ সহায়ক বই ⓛ প্রধান বই
ⓜ একমাত্র বই ⓝ বিশেষ বই

২৩। কারবারের ব্যবহারের উদ্দেশ্য, ক্রীত সম্পত্তি বিক্রয় করা হলে কোন হিসাবটি ক্রেডিট হবে?
ⓚ ক্রয় ⓛ সংশ্লিষ্ট সম্পত্তি
ⓜ নগদান ⓝ বিক্রয়

২৪। কাব্য ট্রেডার্সের ব্যবহৃত একটি ফ্যান ৩,০০০ টাকায় বিক্রয় করে যার ক্রয়মূল্য ২,৫০০ টাকা। এখানে মূলধন জাতীয় আয় কত?
ⓚ ৫০০ টাকা ⓛ ২,৫০০ টাকা
ⓜ ৩,০০০ টাকা ⓝ ৫,৫০০ টাকা

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৫–২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
নবগঠিত পরিবারের প্রধান হিসাবে জনাব দীপু ২০১৫ সালে পিতার নিকট থেকে ৫০,০০০ টাকা পেলেন। শিক্ষকতা থেকে মোট সম্মানি পেলেন ২,৫০,০০০ টাকা এবং পৈত্রিক জমি বিক্রয় থেকে পেলেন ১,৫০,০০০ টাকা।

২৫। জনাব দীপুর মূলধনজাতীয় প্রাপ্তি কত?
ⓚ ৫০,০০০ টাকা ⓛ ১,৫০,০০০ টাকা
ⓜ ২,০০,০০০ টাকা ⓝ ২,৫০,০০০ টাকা

২৬। জনাব দীপুর মুনাফাজাতীয় আয়ের পরিমাণ কত?
ⓚ ৫০,০০০ টাকা ⓛ ১,৫০,০০০ টাকা
ⓜ ২,০০,০০০ টাকা ⓝ ২,৫০,০০০ টাকা

২৭। প্রাপ্ত সম্মানি জনাব দীপুর পরিবারের—
i) মুনাফাজাতীয় আয় ii) মুনাফাজাতীয় প্রাপ্তি
iii) নিয়মিত আয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৮। কোনটি প্রশাসনিক উপরিব্যয়?
ⓚ অফিস আপ্যায়ন ⓛ বিজ্ঞাপন
ⓜ শোরুম খরচ ⓝ যন্ত্রপাতির অবচয়

২৯। অনাদায়ী পাওনা কোন জাতীয় হিসাব?
ⓚ সম্পদ ⓛ দায়
ⓜ ব্যয় ⓝ আয়

৩০। হিসাব চক্রের প্রথম ধাপ কোনটি?
ⓚ ব্যবসায় শনাক্তকরণ ⓛ লেনদেন শনাক্তকরণ
ⓜ লেনদেন বিশ্লেষণ ⓝ জাবেদা ভুক্তকরণ

৩১। ব্যবসায়ের ভাষা বলা হয় কোনটিকে?
ⓚ প্রতিবেদনকে ⓛ হিসাব তথ্যকে
ⓜ আর্থিক বিবরণীকে ⓝ হিসাববিজ্ঞানকে

৩২। একটি ব্যবসায়ের চালিকা শক্তি কোনটি?
ⓚ মূলধন ⓛ স্থায়ী সম্পদ
ⓜ মজুদ পণ্য ⓝ নগদ অর্থ

৩৩। যেসব নামে হিসাব লেখা হয় না তা হলো—
i) পণ্য ii) মাল iii) চেক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩৪। বছরের শুরুতে জনাব আয়মানের পরিবারের স্থায়ী সম্পত্তি ১,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৮০,০০০ টাকা, এবং হাতে নগদ ছিল ২০,০০০ টাকা তিনি এ বছরই ৫০,০০০ টাকা ঋণ পরিশোধের সিদ্ধান্ত নিলেন। এ সিদ্ধান্তের প্রভাব পড়বে—
i) পারিবারিক স্বচ্ছলতায়
ii) পারিবারিক তহবিল হ্রাসে
iii) সম্পত্তির পরিমাণ হ্রাসে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:**
২০১৫ সালের ৯ জানুয়ারি সুরমা ট্রেডার্স ৫ লক্ষ টাকার আলমারি ও সোফা ক্রয় করে অর্ধেকটা বিশেষ জাবেদায় এবং অর্ধেক প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করল।

৩৫। প্রকৃত জাবেদার মাধ্যমে সুরমা ট্রেডার্সের কোনটি বৃদ্ধি পায়?
ⓚ ব্যয় ⓛ আয় ⓜ ক্ষতি ⓝ দায়

৩৬। লেনদেনটির ফলে ব্যবসায়ের বৃদ্ধি পায়—
i) আড়াই লক্ষ টাকার সম্পদ ii) পাঁচ লক্ষ টাকার সম্পদ
iii) সাড়ে সাত লক্ষ টাকার ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩৭। হ্যাপী ট্রেডার্সের রেওয়ামিলে ১০ মাসের বেতন ১২,০০০ টাকা হলে তার বকেয়া বেতনের পরিমাণ কত?
ⓚ ১,২০০ টাকা ⓛ ২,০০০ টাকা
ⓜ ২,৪০০ টাকা ⓝ ১৪,৪০০ টাকা

৩৮। কোন পেশা বা বৃত্তি শিক্ষা দেয়ার বিনিময়ে ব্যবসায় প্রতিষ্ঠান যে অর্থগ্রহণ করে, তাকে কী বলা হয়?
ⓚ সেবামূলক আয় ⓛ ব্যবসা বহির্ভূত আয়
ⓜ শিক্ষানবিস সেলামি ⓝ শিক্ষানবিস ভাতা

৩৯। দেনা-পাওনা নিষ্পত্তির ক্ষেত্রে যে ছাড় বা মওকুফ করা হয় তাকে কী বলে?
ⓚ কারবারি বাট্টা ⓛ নগদ বাট্টা
ⓜ পরিমাণ বাট্টা ⓝ কমিশন

৪০। বি/ডি বলতে কী বুঝায়?
ⓚ সম্মুখ থেকে আনীত ⓛ নিচে নীত
ⓜ উপর থেকে আনীত ⓝ পেছন হতে আনীত

Teachingbd.com